**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**31 OCTOBER 2024** **7:35 AM IST**

==========================================================

আজ আলোর উৎসব দীপাবলী ।সমগ্র দেশের সঙ্গে আসামেও আজ উৎসাহ উদ্দীপনায় এই উৎসব পালন করার জন্য  ব্যাপক প্রস্তুতি সম্পন্ন । অযোধ্যায় রামজন্মভূমি মন্দিরেও  ২৮ লক্ষ প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে দীপাবলী উৎসব পালন করা সহ বিশ্ব রেকর্ড গড়ার প্রস্তুতি সম্পূর্ণ হয়েছে বলে জানা গেছে । রাম মন্দির প্রাঙ্গণে এইবার অনুষ্ঠেয় দীপাবলী উৎসব বিশেষভাবে ব্যতিক্রমী হবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মত প্রকাশ করেছেন। অযোধ্যায় নবনির্মিত রামমন্দিরের অভিষেকের পর দীপোৎসব-২০২৪ হিসেবে উদযাপন করতে যাওয়া এই প্রথম বছরের দীপাবলীর জন্য উত্তর প্রদেশ সরকার বিশেষ কার্যসূচী রূপায়ণ করবে । সরযূ নদীর তীরে ২৮ লক্ষ প্রদীপ প্রজ্জ্বলন করে রামমন্দিরকে আলোকোজ্জ্বল করে তোলা হবে বলে প্রকাশ করা হয়েছে ।

আসামেও দীপাবলী উৎসব উপলক্ষে গুয়াহাটি শহর সহ সর্বত্র উৎসবের মেজাজ পরিলক্ষিত হয়েছে । রাজ্যের বিভিন্ন প্রান্ত অস্থায়ী দোকান করে বিক্রেতারা মাটির প্রদীপ, বাজি-পটকা ইত্যাদির পসরা সাজিয়ে রেখেছেন । পূজোর সামগ্রী সহ বাজারে বিভিন্ন ধরণের বৈদ্যুতিক আলোর বেচাকেনাও জোরদারভাবে চলছে । এদিকে প্রদূষণ নিয়ন্ত্রণ পর্ষদ সবাইকে সবুজ দীপাবলী উদযাপন করার আহ্বান জানিয়েছে ।

বরাক উপত্যাকার তিন জেলার গ্রাম শহর সর্বত্র বিভিন্ন ক্লাব, সংগঠনের উদ্যোগে এবং পাড়ায় কালীপূজোর আয়োজন করা হয়েছে। কালীপূজো উপলক্ষে মন্ডপগুলিকে সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে ।এছাড়া গ্রাম শহর সর্বত্র আলোর তোরণ , বাসগৃহে , সরকারী বেসরকারী প্রতিষ্ঠান ইত্যাদিকে আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে । করিমগঞ্জ শহরের সপ্তর্ষি ক্লাব আয়োজিত এবছরের সর্বজনীন কালীপূজো এবছর বাইশ তম বর্ষে পা দিয়েছে। তাদের এবারের পূজোর মূল বৈশিষ্ট্য হচ্ছে- কালীর প্রতিমাটি লবঙ্গ, এলাচ ইত্যাদি মশলা দিয়ে প্রস্তুত করা হয়েছে । করিমগঞ্জ রক্তিমাভ ক্লাবের পূজো মন্ডপ অযোধ্যার রাম মন্দিরের আদলে তৈরী করা হয়েছে ।করিমগঞ্জ রামকৃষ্ণ মিশনের অধ্যক্ষ স্বামী প্রেমানন্দজী মহারাজ গতকাল সন্ধ্যায় এই মন্ডপের উদ্বোধন করেন । শিলচর শহরের শ্মশানঘাট, রামকৃষ্ণ মিশন, শ্যামানন্দ আশ্রম, মালুগ্রাম ভৈরব বাড়ি , আর্যপট্টি দূর্গাবাড়ী , ইটখোলা দূর্গাবাড়ী ,মাছিমপুর কালীবাড়ী, উধারবন্দ কালীবাড়ী ইত্যাদি মন্দিরেও যথানিয়মে কালীপূজোর আয়োজন করা হয়েছে । এছাড়া মালুগ্রাম অ্যাপোসোলস ক্লাব , রংপুর নবপল্লি প্রগতি ক্লাবের পূজো সহ বিভিন্ন বারোয়ারী মন্ডপ সুন্দর করে আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে । কথিত আছে-অযোধ্যার যুবরাজ রামচন্দ্র চৌদ্দ বছর বনবাস শেষে গৃহে ফিরে আসার সময় তাকে আলোকোজ্জ্বল পথ দেখিয়ে নিয়ে আসার জন্য সমগ্র অযোধ্যাবাসী তাদের নগরীকে আলোর মালায় সাজিয়ে তুলেছিলেন। এই ঘটনার সূত্র ধরে আজও দীপাবলী উপলক্ষে আলোকসজ্জার বিশেষ আয়োজন করা হয়ে থাকে ।

---

উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর ,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ,মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা দীপাবলী ও কালীপূজো উপলক্ষে জনসাধারণকে

শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় উপরাষ্ট্রপতি শ্রী ধনকর বলেন যে এই উৎসব অন্ধকারের বিরুদ্ধে আলোর জয় , অজ্ঞতার বিরুদ্ধে জ্ঞানের জয় কে প্রতিফলিত করে । এক বার্তায়দ প্রধানমন্ত্রী শ্রী মোদী এই আলোর উৎসব দীপাবলী সবার জীবনে সুস্থতা সুখ, সমৃদ্ধি বয়ে আনবে বলে আশা প্রকাশ করেছেন ।
এক বার্তায় মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন যে দীপাবলী হচ্ছে আঁধারকে বিনাশ করে আলোর পথে এগিয়ে যাওয়ার উৎসব। এই উৎসবের অন্তর্নিহিত তাৎপর্য সবাইকে মূল্যবোধের ভিত্তিতে সমাজ গড়ে তোলার অনুপ্রেরণা যোগায় বলে তিনি মন্তব্য করেন ।

---

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং গতকাল তেজপুরে সেনাবাহিনীর ফোর কর্পস কমান্ডোদের সঙ্গে দীপাবলী উদযাপন করেন ।তিনি জওয়ানদের দেশপ্রেম ও সাহসিকতার প্রশংশা করেন । সেনা জওয়ানদের অবদান দেশের যুব সমাজকে অনুপ্রাণিত করে বলে তিনি মন্তব্য করেন ।

---

আসামে আগামী ১৩ই নভেম্বর অনুষ্ঠেয় পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান অব্যাহত রয়েছে । এই উপ-নির্বাচনের জন্য মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করার পর ধলাই (সংরক্ষিত) আসনে- ন’জন, সিডলি আসনে- তিনজন, বঙাইগাও আসনে

আটজন, বিহালী আসনে চারজন প্রার্থীর মধ্যে সবার মনোনয়ন পত্র গৃহীত হয়েছে। এদিকে সামগুড়ি আসনের উপ-নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিল করা প্রার্থীদের মধ্যে ১১জন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে বিবেচিত হয়েছে । তবে এরমধ্যে তিনজন প্রার্থীর মনোনয়ন নাকচ হয়ে গেছে । এদিকে ধলাই আসনের নির্দল প্রার্থী অমিয় কান্তি দাস ইতিমধ্যে মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিয়েছেন ।

ধলাই আসনের উপ-নির্বাচনকে কেন্দ্র করে ধলাই বিধানসভা এলাকার বিভিন্ন স্থানে রাজনৈতিক দলগুলির তৎপরতা বৃদ্ধি পেয়েছে । ধলাই, বড়জালেঙ্গা, ছোটজালেঙ্গা, ধোয়ারবন্দ, আমড়াঘাট, পালংঘাট, নতুন বাজার, নরসিংপুর ইত্যাদি এলাকায় ছোট বড় র‍্যালি, পথসভা ইত্যাদির আয়োজন করা হচ্ছে ।

---

কাছাড় জেলার যুব সমাজকে ক্রীড়া ক্ষেত্রে উৎসাহিত করার উদ্দেশ্যে এবং জেলার প্রত্যেকটি স্তরে ক্রীড়া চেতনা প্রসারিত করতে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে । বৈঠকে খেল মহারণ -২ এর প্রস্তুতি সম্পর্কে আলোচনা করা হয় ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত কার্যালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে শিলচর সদর ,সোনাই , উধারবন্দ এবং লক্ষীপুর রাজস্ব চক্রের সমস্ত জমি সংক্রান্ত পরিষেবা আগামী ৩০ শে নভেম্বর পর্যন্ত

সাময়িকভাবে স্থগিত থাকবে । জমি রেকর্ডের গুরুত্বপূর্ণ নথি রাজ্য সরকারের ধরিত্রী পোর্টেলের সংগে সংযুক্ত করা তথা ডিজিটাইজেশন প্রক্রিয়া সংক্রান্ত কাজের পরিপ্রেক্ষিতে এই সাময়িক বিরতি কার্যকর করা হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।ডিজিটাইজেশন চলাকালীন সময়ে জমি বিক্রয় , লিজ এবং হস্তান্তর ইত্যাদি পরিষেবা সাময়িকভাবে বন্ধ থাকবে ।